



বাংলাদেশ কৃষি ব্যাংক  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।  
ক্রেডিট বিভাগ-২

ফোন : ৯৫৬০৭৩৭  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
(এক্সটেনশন-২৪৩)  
E-mail : dgmsme@krishibank.org.bd  
তারিখ : ২৪.১২.২০১৯

নং-বিক্রেবি-প্রকা/ক্রেডিবিঃ-২(এসএমই)-৭(৫)/২০১৯-২০/৮৪০

মহাব্যবস্থাপক  
সকল বিভাগীয় কার্যালয়  
ও  
স্থানীয় মুখ্য কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০১৯-২০ অর্থ বছরে ৩০.১১.২০১৯ তারিখ পর্যন্ত বিভাগওয়ারী বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২০১৯-২০ অর্থ বছরের প্রারম্ভেই অত্র ব্যাংকের বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা প্রদানপূর্বক মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে বর্তমান অর্থবছরের ৫ মাস অতিবাহিত হলেও এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩০.১১.২০১৯ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রম নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার (%)
১	ঢাকা	৯১৪.৭৫	১৩০.১১	১৪%
২	ময়মনসিংহ	১৯৮.০২	৬১.৯১	৩১%
৩	চট্টগ্রাম	৪১৫.৯০	৭৬.৫৪	১৮%
৪	খুলনা	৪৫২.৪৪	৫৩.৭২	১২%
৫	বরিশাল	১২০.৬৯	২২.৬৮	১৯%
৬	সিলেট	২১৮.৫৫	৪৭.৪৮	২২%
৭	কুমিল্লা	৪৩৪.৮৬	৭১.০৫	১৬%
৮	কুষ্টিয়া	৩৪৮.৭৫	৮৩.৯৬	২৪%
৯	ফরিদপুর	৪১৮.৬২	৫২.৬৮	১৩%
১০	এলাপিও	৯৭৭.৪২	৪.৭০	০
মোটঃ		৪৫০০.০০	৬০৪.৮৩	১৩%

০৩। উপর্যুক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় :

(ক) ঋণ বিতরণ : কোন বিভাগই বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ষিত সময়ে আনুপাতিক লক্ষ্যমাত্রার ৪২% অর্জনের বিপরীতে অর্জিত হয়েছে গড়ে ১৩% যা খুবই উদ্বেগজনক। স্থানীয় মুখ্য কার্যালয়সহ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, কুমিল্লা ও ফরিদপুর বিভাগের এসএমই ঋণ বিতরণের অবস্থা নেতিবাচক ও হতাশাব্যঞ্জক। এছাড়া ময়মনসিংহ, বরিশাল, সিলেট ও কুষ্টিয়া বিভাগের এসএমই ঋণ বিতরণের অবস্থাও সন্তোষজনক নয়। ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে শাখাসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৪। এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণে এসএমই বিভাগ কর্তৃক সময়ে সময়ে একাধিক পত্র জারী এবং সর্বশেষ মাঠ কার্যালয়সমূহকে টেলিফোনে তাগিদ প্রদান করা সত্ত্বেও ঋণ বিতরণ পরিস্থিতি কাম্বিভিত মাত্রায় উন্নীত হয় নি। তদুপেক্ষিতে মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সক্ষমব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক মাসিক ভিত্তিতে শাখার এসএমই ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে।

০৫। উল্লেখ্য যে, এসএমই ঋণ বিতরণ কার্যক্রম বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয়। আলোচ্য খাতে ঋণ বিতরণ সন্তোষজনক না হলে তার ব্যাখ্যা প্রদান করতে হয়। তাছাড়া এসএমই ঋণের তথ্য সর্ভকর্তার সাথে রিপোর্টিং করতে হবে যাতে করে সিএল বিবরণীতে প্রদর্শিত এসএমই ঋণের তথ্যের সাথে অন্যান্য বিভাগে প্রেরিত তথ্যের মিল থাকে।

০৬। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ পূর্বক আগামী ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের বার্ষিক লক্ষ্যমাত্রার ৫০% অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণসহ এসএমই ঋণের পারফরমেন্স মাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(স্বাক্ষর স্থান) ২৪.১২/১৯  
উপ- মহাব্যবস্থাপক

নং-বিক্রেবি-প্রকা/ক্রেডিবিঃ-২(এসএমই)-৭(৫)/২০১৯-২০/৮৪০/১২০০

তারিখঃ এ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (ভাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৯। নথি/ মহানথি।

(স্বাক্ষর) ২৪/১২/১৯  
শিভোষ চন্দ্র রায়  
সহকারী মহাব্যবস্থাপক